

## “বিএলআরআই এফএমডি - ২০১৬ ত্রিযোজী টিকার মাস্টার সীড” হস্তান্তর



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত “বাংলাদেশে এফএমডি ও পিপিআর গবেষণা” প্রকল্পের উদ্ভাবিত এফএমডি ত্রিযোজী টিকার মাস্টার সীড মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট গত ২৯ ফেব্রুয়ারী ২০১৬ হস্তান্তর করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মাকসুদুল হাসান খান, প্রধান অতিথি ছিলেন একই মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নারায়ণ চন্দ্র চন্দ্র, এমপি। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক জনাব অজয় কুমার রায় এবং বিএলআরআই এর মহাপরিচালক ড. তালুকদার নূরুন্নাহার।

অনুষ্ঠানের শুরুতে প্রকল্প পরিচালক জানান যে, ক্ষুরারোগের কারণে বাংলাদেশে প্রায় ১০,০০০ (দশ হাজার) কোটি টাকার ক্ষতি হয়। এ রোগে পশুর মাংস ও দুধ উৎপাদনের মারাত্মক ক্ষতিসহ পশুর মৃত্যু পর্যন্ত হতে পারে। আক্রান্ত বাছুরের মৃত্যু হার অনেক বেশী। তিনি দেশের বিভিন্ন অঞ্চল হতে এ রোগের নমুনা সংগ্রহ করে মলিকুলার পদ্ধতিতে বিশ্লেষণ পূর্বক টিকার জন্য তিনটি সিরো টাইপ নির্বাচন করেন। নির্বাচিত সিরোটাইপগুলি BHK<sub>21</sub> সেল লাইনে কালচার করে স্থিতাবস্থায় আনা হয় এবং মাস্টার সীড হিসাবে ব্যবহারের জন্য OIE নির্দেশনা মোতাবেক বিভিন্ন পরীক্ষা সম্পন্ন করে মাস্টার সীড হিসাবে প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে বিএলআরআই এর মহাপরিচালক প্রকল্প পরিচালক ও তার গবেষক দলকে এই সহযোগিতার জন্য অভিনন্দন জানান। প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক, তাঁর জনবল স্বল্পতার কথা উল্লেখ করেন। বিএলআরআই এর মহাপরিচালক এলআরআই এর বিজ্ঞানীদের মান উন্নয়নের জন্য BLRI তে প্রশিক্ষণেরও প্রস্তাব প্রদান করেন। মাননীয় প্রতি মন্ত্রী মহোদয় এই সাফল্যকে যুগান্তকারী বলে উল্লেখ করে বিএলআরআই ও প্রকল্প পরিচালক ড. মোঃ গিয়াসউদ্দিন ও তাঁর গবেষণা দলকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে অভিনন্দন জানান। মাননীয় সচিব মহোদয় এ সাফল্যের জন্য সকল বিজ্ঞানীকে অভিনন্দন জানান এবং উৎপাদন এ বীজ দ্বারা টিকা প্রস্তুত করে দ্রুত খামারীদের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ প্রদান করেন।




## বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত  
'বিএলআরআই এফএমডি-২০১৬' ত্রিযোজি টিকার মাস্টার  
সীড প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট হস্তান্তর

উদ্ভাবনে: বাংলাদেশে ক্ষুরারোগ ও পিপিআর গবেষণা প্রকল্প

২৯ ফেব্রুয়ারী ২০১৬ খ্রিস্টাব্দ  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

  
(অজয় কুমার রায়)  
মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর

  
(ড. তালুকদার নূরুন্নাহার)  
মহাপরিচালক  
বিএলআরআই